24

09 AUG 1996

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 AUG 1996 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ২

**পাসের হার ঃ বিএ ৩৭·৪৭, বিএসএস ৩৮·৪৩
বিকম ৪৭·৭১, বিএসসি ৪৬·৭৪**

# ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশিত

*ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বৃহস্পতিবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫ সালের ডিগ্রী (পাস) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। পাসের হার যথাক্রমে বিএ ৩৭ দশমিক ৪৭, বিএসএস ৩৮ দশমিক ৪৩, বিকম ৪৭ দশমিক ৭১ এবং বিএসসি ৪৬ দশমিক ৭৪। দেশের ৬৪৫টি ডিগ্রী কলেজ হইতে মোট ১ লক্ষ ৮১ হাজার ১৩৫ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে বিএ পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ১ লক্ষ ২০ হাজার ২২০ জন। ইহাদের মধ্যে প্রথম বিভাগে ৭০ জন, দ্বিতীয় বিভাগে ১৯ হাজার ৬২৫ জন এবং তৃতীয় বিভাগে ২৫ হাজার ৩৬০ জন পাস করিয়াছে। বিএসএস পরীক্ষায় অংশ গ্রহণকারীর সংখ্যা ছিল ৩২ হাজার ৩০৩ জন।* **(শেষ পৃঃ [illegible])**

## ডিগ্রী পরীক্ষা

(১ম পৃঃ পর)

ইহাদের মধ্যে মাত্র ১ জন প্রথম বিভাগে, ৪ হাজার ৫৫২ জন দ্বিতীয় বিভাগে এবং ৭ হাজার ৮৬২ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। বিকম পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ১৯ হাজার ৯৪৭ জন। ইহাদের মধ্যে প্রথম বিভাগে ৯ জন, দ্বিতীয় বিভাগে ৩ হাজার ৯৯৩ জন এবং তৃতীয় বিভাগে ৫ হাজার ৫১৫ জন পাস করিয়াছে। বিএসসি পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ৬ হাজার ২৩৮ জন। ইহাদের মধ্যে প্রথম বিভাগে ৬৬ জন, দ্বিতীয় বিভাগে ২ হাজার ১৭০ জন এবং তৃতীয় বিভাগে ৬৮০ জন পাস করিয়াছে। বি মিউজিক পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছিল ৫১ জন। প্রথম বিভাগে কেহই পাস করে নাই। দ্বিতীয় বিভাগে ১৭ জন এবং তৃতীয় বিভাগে ১ জন পাস করিয়াছে। সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণকারী ২ হাজার ৩৭৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৯৫৬ জন পাস করিয়াছে।

বি এ পরীক্ষায় সারাদেশে প্রথম হইয়াছে যশোর এম এম কলেজ কেন্দ্রের প্রাইভেট পরীক্ষার্থী আবুল বরাকাত মোঃ ফকর উদ্দিন। তাহার রোল যশোর নং পি ৩১৯৩০। দ্বিতীয় হইয়াছে কুষ্টিয়া সরকারী কলেজ কেন্দ্রের প্রাইভেট পরীক্ষার্থী আবু সাঈদ মিয়া। তৃতীয় হইয়াছে ইডেন মহিলা কলেজ কেন্দ্রের প্রাইভেট পরীক্ষার্থী শরীফা সাঈদা খাতুন। রোল ঢাকা নং পি ৭০৭৯৮।

বি এস এস পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ মাত্র একজন পরীক্ষার্থীর নাম মোঃ আবদুল কবীর, রোল ১৬২৬৩০। কবীর চট্টগ্রাম কলেজের ছাত্র।

বিকম পরীক্ষায় সারাদেশে প্রথম হইয়াছে নাহিদ ইসমাইল। রোল ঢাকা নং-১৭১৭৪৫। সে সিদ্ধেশ্বরী কলেজের ছাত্রী। দ্বিতীয় হইয়াছে সায়মা খান, রোল-১ ৩৪ ৬। সে লালমাটিয়া কলেজের ছাত্রী। তৃতীয় হইয়াছে ঢাকা সিটি কলেজের ছাত্র শেখ আফজাল উদ্দিন, রোল ঢাকা নং ১৭৬২৭৩।

বি এস সি পরীক্ষায় সারাদেশে প্রথম হইয়াছে তেজগাঁও কলেজের ছাত্রী এডলিন ডি ক্রুজ। রোল ঢাকা নং ম-১৯০৭৭৬। দ্বিতীয় হইয়াছে ডঃ মালিকা কলেজের ছাত্রী শাহানা পারভিন। রোল ঢাকা ম-১৮৯৩৮৭। তৃতীয় হইয়াছে সিদ্ধেশ্বরী গার্লস কলেজের ইসরাত জাহানা রুনা। রোল নং ম-১৮৯৮২৬।

## মেধা তালিকা

বিএ পরীক্ষায় ৪র্থ ঃ দৌলত আরা ইছহাক, ম ৭১১২৯, বেগম বদরুন্নেসা মহিলা কলেজ। ৫ম ঃ (যুগ্মভাবে) নূরে আলম ফেরদাউছ, ৬০৫৬৩, মুড়াপাড়া কলেজ নারায়ণগঞ্জ ও ইফফাত জাহান ম ৬৩৯২৪, আবুজর গিফারী কলেজ ঢাকা। ৬ষ্ঠ ঃ মোঃ আবদুল্লাহ (প্রাইভেট ৭৩৯৬৮) ৭ম ঃ সুতপা মণ্ডল, ম ৭৭৭৬১, মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা। ৮ম ঃ (যুগ্ম ভাবে) বার্নাডেট গোমেজ ম ৭২৩২৭, ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশন কলেজ ও ইলারানী সরকার ম ২০১৮৯, সবদহ কলেজ, রাজশাহী। ৯ম ঃ মামুনুর রশীদ (প্রাইভেট ৩৭৭৫৮), দশম ঃ শাহনাজ পারভীন, ম ৮১১৩৭, কাজী আজিম উদ্দিন কলেজ, গাজীপুর।

বি,কম পরীক্ষায় ৪র্থ ঃ দীপান্বিতা বর্ধন ম ১৭৬৩৮৯, ঢাকা সিটি কলেজ। ৫ম ঃ ফয়সল আহমেদ রিজভী ১৭৫৮৪০, ঢাকা সিটি কলেজ। ৬ষ্ঠ ঃ শিহাব উদ্দিন আহমেদ, ১৭৫৭০৬ ঢাকা সিটি কলেজ। ৭মঃ (যুগ্মভাবে) নাসরিন আক্তার, ম ১৭৩৩৯২, লালমাটিয়া মহিলা কলেজ। শবনম নাজ ম ১৭৬৩৮৮, ঢাকা সিটি কলেজ এবং ৮ম ঃ মোঃ দেলোয়ার হোসেন, ১৮৫০২৩, নিজামপুর কলেজ চট্টগ্রাম।

বিএসসি পরীক্ষায় ৪র্থঃ আবদুল আলীম খান, ১৯১০৮১, ইব্রাহিম খাঁ কলেজ ভুঁয়াপুর টাংগাইল। ৫মঃ (যুগ্মভাবে) জেসমিন আক্তার ম ১৮৯৮১১, লালমাটিয়া মহিলা কলেজ, সাইফুম মাহবুব ম ১৮৭৮০৮, সরকারী হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ মাগুড়া। ৬ষ্ঠ ঃ আবুল কালাম ভুঁইয়া, ১৯২৫০৫, চাঁদপুর সরকারী কলেজ চাঁদপুর। ৭ম ঃ রেবেকা রহমান মিলা ম ১৮৯৭৫৭, বেগম বদরুন্নেসা মহিলা কলেজ। ৮ম ঃ ফাতেমা আক্তার, ম ১৯২২৪৬, সরকারী মহিলা কলেজ, কুমিল্লা। ৯মঃ মোঃ সেলিম, ১৯২৫২৬, চাঁদপুর সরকারী কলেজ। ১০মঃ (যুগ্মভাবে) জুডিথ রুনা গমেজ, ম ১৮৯৭৯৭, লালমাটিয়া মহিলা কলেজ এবং মোঃ মোমেনুল হক ১৯২৪০৩, শ্রীকাইল কলেজ, কুমিল্লা।